গাংনীতে অফিসের তালা ভেঙ্গে সরকারি নথি চুরির দায়ে একজন আটক

মেহেরপুরের গাংনী উপজেলা সমাজ সেবা অফিসের তালা ভেঙ্গে সরকারি নথিপত্র চুরির অপরাধে শান্ত মিয়া-(৩০) নামের এক ব্যাক্তিকে আটক করেছে আনসার সদস্যরা। আজ সোমবার দুপুরে নথিপত্র চুরি করে নিয়ে যাওয়ার সময় হাতেনাতে তাকে আটক করা হয় ।

এসময় তার কাছ থেকে বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনেক পাশবহি ও বিভিন্ন কাগজ পত্র জব্দ করা হয়। আটক শান্ত গাংনী পৌর এলাকার ৮ নম্বর ওয়ার্ডের কলেজ পাড়ার আব্দুল কালাম আজাদের ছেলে। আটকের বিষয়টি নিশ্চিত করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আরশাদ আলী জানান, সরকারি ই-সেবা চালু হওয়ার পর অনেক কাগুজে নথিপত্র ও পাশবহি বস্তা বন্দি করে রাখা হয়েছিল। সেই নথিপত্র ও বহি উপজেলা পরিষদ চত্বরে একটি কক্ষে রাখা হয়েছিল। সেগুলি তালা ভেঙ্গে চুরি করে নিয়ে যাচ্ছিল শান্ত নামের এক যুবক। উপজেলা পরিষদ চত্বরে দায়িত্বরত আনসার সদস্যরা তাকে আটক করে। পরে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হস্তান্তর করা হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, তালা ভঙ্গে নথিপত্র চুরির ঘটনায় জড়িত শান্তকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ আইনানুগ ব্যবস্থা নেবেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, শান্ত নামের এক যুবক আটক রয়েছে। তার বিরুদ্ধে সরকারি অফিসে তালা ভেঙ্গে কাগজপত্র চুরির অপরাধে নিয়োমিত মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে এসএসসি পরীক্ষার ফলাফলে সন্ধানী স্কুল এন্ড কলেজ জেলায় সেরা

২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে।

বরাবরের মত এবারও গাংনীর সন্ধানী স্কুল এন্ড কলেজ ১৩০ টি জিপিএ-৫ ও শতভাগ পাশ করে ফলাফলে মেহেরপুর জেলার শীর্ষে অবস্থান করছে। এই বিদ্যালয়টি থেকে ১৪৭ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ১৩০ জন জিপিএ-৫ ও শতভাগ পাশ করেছে।

মেহেরপুর শহরের জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ থেকে ৬৪ জন পরীক্ষার্থী অংশ নিয়ে শতভাগ পাশসহ জিপিএ-৫ পেয়েছে ৪৭ জন পরীর্ক্ষাথী।জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৮৬ জন পরীক্ষায় অংশ নিয়ে ৪৬ জন জিপিএ-৫ পেয়ে শতভাগ পাশ করেছে। বেসরকারি এমপিওভূক্ত মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফলাফলে জেলার শীর্ষে রয়েছে।

মেহেরপুর সরকারি মাধ্যমিক বালক উচ্চ বিদ্যালয় থেকে ২১১ পরীক্ষার্থী অংশ নিয়ে পাশ করেছে ২০৭ জন। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে৭৮ জন, অকৃতকার্য হয়েছে ৪ জন। পাশের শতকরা হার ৯৮.১০ শতাংশ। মেহেরপুর সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ২৫৪ জন পরীক্ষায় অংশ নেওয়ার কথা থাকলেও অংশ নিয়েছে ২৫২ জন। এদের মধ্যে ১২৫ জন জিপিএ-৫ নিয়ে মোট পাশ করেছে ২৪৭ জন। ৫ শিক্ষার্থী ফেল করেছে। শতকরা পাশের হার ৯৮.০২ ভাগ।

গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ৯৭ জন শিক্ষার্থী অংশ নিয়ে ৩১ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৯৬ জন। বিদ্যালয় থেকে মাত্র ১ জন শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে। গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ থেকে ২৩২ জন অংশ নিয়ৈ ১১১ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ২২৬ জন। ৬ জন ফেল করেছে বিদ্যালয়টি থেকে। পাশের শতকরা হার ৯৭.৪১ ভাগ। এদিকে একই বিদ্যালয় থেকে ভোকেশনাল শাখায় পরীক্ষার্থী ছিলো ২২৩ জন। পাশ করেছে ২০৮ জন, ফেল করেছে ১৫ জন। শতকরা পাশের হার ৯৩.২৭ ভাগ।

মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় থেকে ১২০ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৩১ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ১১০ জন। পাশের শতকরা হার ৯৩.২২ ভাগ। চেংগাড়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৬১ জন পরীক্ষা দিয়ে ১৪ জন জিপিএ-৫ পেয়ে শতভাগ পাশ করেছে। শালদহ এসএআরবি মাধ্যমিক বিদ্যালয় থেকে ৩৩ জন পরীক্ষার্থী অংশ নেওয়ার কথা থাকলেও অংশ নিয়েছে ৩২ জন। ৫ জন জিপিএ ৫ পেয়ে শতভাগ পাশ করেছে। বিবিএন মাধ্যমিক বিদ্যালয় থেকে ৫৪ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৪ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ৫২ জন, ধলা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৪৬ জন অংশ নিয়ে ১৩ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৪৩ জন, এসকেএস মাধ্যমিক বিদ্যালয় থেকে ৮৫ পরীক্ষার্থী অংশ নিয়ে ১১ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ৭৯ জন, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ৭৯ জন পরীক্ষায় অংশ নিয়ে ১ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৭২ জন, মেহেরপুর শহরের কবি নজরুল শিক্ষা মঞ্জিল থেকে ৩২ জন পরীক্ষা দিয়ে পাশ করেছে ৩১ জন। করমদী মাধ্যমিক বিদ্যালয় থেকে ১২৮ জন পরীক্ষায় অংশ নেওয়ার কথা থাকলেও অংশ নিয়েছে ১২৪ জন। ১৬ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ১২১ জন।

চিৎলা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭৯ পরীক্ষার্থী অংশ নিয়ে ৬ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৭৮ জন, কাজীপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে ৫০ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৪ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৪৯ জন, বাওট সোলাইমানীয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭৩ জন পরীক্ষায় অংশ নিয়ে ৫ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৬৮ জন, বাওট আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে ২১ জন অংশ নেওয়ার কথা থাকলেও ২০ পরীক্ষার্থী অংশ নিয়ে ১ জন জিপিএ-৫সহ শতভাগ পাশ করেছে, কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৩৭ জন পরীক্ষায় অংশ নিয়ে ৬ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ৩৫ জন, মটমুড়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৬৫ জন অংশ নেওয়ার কথা থাকলেও পরীক্ষা দিয়েছে ৬৩ জন। ৩ জন জিপিএ-৫ পেয়ে মোট পাশ করেছে ৬১ জন, হোগলবাড়িয়া হাজী ভরষ উদ্দীন মাধ্যমিক বিদ্যালয় থেকে ৫৫ জন পরীক্ষায় অংশ নিয়ে ১৫ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৫৩ জন, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭১ জন পরীক্ষায় অংশ নিয়ে ৩২ জন জিপিএ-৫ পেয়ে শতভাগ পাশ করেছে, গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭৪ জন অংশ নেওয়ার কথা থাকলেও পরীক্ষায় অংশ নিয়েছে ৭২ জন। ১৮ জন জিপিএ-৫ পেয়ে শতভাগ পাশ করেছে।

জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় থেকে ৭৪ জন পরীক্ষায় অংশ নিয়ে ১০ জন জিপিএ-৫ পেয়ে পাশ করেছে ৭০ জন, হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয় থেকে ৫৯ জন পরীক্ষায় অংশ নিয়ে ১ জন জিপিএ-৫ পেয়ে ৪৩ জন

পাশ করেছে।

এবছর মেহেরপুর শহরের বিদ্যালয়গুলো থেকে গ্রামের মাধ্যমিক বিদ্যালয়গুলো ভাল ফলাফল করেছে বলে জানা গেছে।

গাংনীতে আইন সহায়তা কমিটির দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে উপজেলা আইন সহায়তা কমিটির উদ্যোগ দ্বি-মাসিক সভা করেছে উপজেলা আইন সহায়তা কমিটি।

সোমবার সকালে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আয়োজিত আইন সহায়তা মুলক সভায় সভাপত্বি করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র আহম্মেদ আলী।

জেলা লিগ্যাল এইড কমিপির আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ লাভলী খাতুন,কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,বামুন্দি ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, জেলা লিগাল এইড প্রতিনিধিসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ‘কৃষক অ্যাপস’ এর মাধ্যমে খাদ্যশস্য সংগ্রহে প্রস্তুতি মুলক সভা

গাংনীতে অ্যাপস এর মাধ্যমে আমন ধান সংগ্রহে প্রস্তুতি মুলক সভা করেছে উপজেলা খাদ্যনিয়ন্ত্রণ অধিদপ্তর। সোমবার সকালে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আয়োজিত প্রস্তুুতি মুলক সভায় সভাপত্বি করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র আহম্মেদ আলী। উপজেলা খাদ্য অফিসার মনোয়ার হোসেনের উপস্থাপনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ লাভলী খাতুন,কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,বামুন্দি ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, কৃষক প্রতিনিধি ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দরা উপস্থিত ছিলেন।

জানাগেছে, দেশের ৬৪ জেলার নির্বাচিত ২৭২টি উপজেলায় ‘কৃষক অ্যাপস’ এর মাধ্যমে কৃষকদের কাছ থেকে খাদ্যশস্য সংগ্রহ করবে সরকার। তার মধ্যে গাংনী উপজেলায় অ্যাপস এর মাধ্যমে অনলাইনে আবেদন করে ধান,গম ও চাউল বিক্রি করতে পারবে সরকার। কৃষকের উৎপাদিত খাদ্যশস্য সরাসরি বিক্রির মাধ্যমে ন্যায্যমুল্য পেতে চালু করা হয়েছে ‘কৃষকের অ্যাপ’ অনলাইনে আবেদন করতে হলে এনআইড কার্ড, কৃষি থাকা বাধ্যতামুলক।

আজ থেকে আগামী ১০ ডিসেম্বর পর্যন্ত আবেদন করতে অনলাইনে আবেদন করতে পারবে কৃষক। তার পর লটারির মাধ্যমে কৃষকদের নির্বাচিত করা হবে। যারা লটারিতে নাম উঠবে সেই সকল কৃষকরাই শুধুমাত্র তাদের উৎপাদিত খাদ্যশস্য বিক্রি করতে পারবেন।

কৃষকদের অনলাইনের বিস্তারিত জানতে ৩৩৩ নাম্বারে কল করলে বিস্তারিত সহায়তা পাওয়া যাবে। তবে কৃষকরা কিভাবে আবেদন করবেন,কিকি সুবিধা ও অসুবিধা রয়েছে এ নিয়ে বিভিন্ন মহল থেকে

প্রশ্ন করা হলে তোপের মুখে পড়েন উপজেলা খাদ্য কর্মকর্তা মনোয়ার হোসেন। অনুষ্ঠানে উপস্থিাতরা বলেন, প্রস্তুতি মুলক সভা হয়েছে অপ্রস্তুতিতে। এতে কৃষকদের ভোগান্তি বাড়বে এবং অনেক কৃষক আবেদন থেকে বঞ্চিত হওয়ার শংকা রয়েছে বলেও জানান অতিথিবৃন্দরা।

গাংনী উপজেলা খাদ্য অীফস জানান, এবছর আমন ধানের মুল্য নির্ধারণ করা হয়েছে ১১২০ টাকা মন। লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে ৮০৭ মেঃটন। চাইলের মুল্য নির্ধারণ হয়েছে ১৬৮০ টাকা মন। লক্ষমাত্রা ১১৯ মেঃটন। সংগ্রহের সময় ১৭ নভেম্বর ২০২২ ইং তারিখ থেকে আগামী ২৮ ফেব্রুয়ারী ২০২৩ ইং পর্যন্ত।

মেহেরপুরের সন্তান মুহিত আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশনের কো অর্ডিনেটর নির্বাচিত

মেহেরপুরের কৃতি সন্তান মো: আব্দুল মুহিত আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা “আইন সহায় কেন্দ্র ফাউন্ডেশ” বাংলাদেশের কো অর্ডিনেটর নিযুক্ত হয়েছেন।

আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক নাজমুন নাহার মো: আব্দুল মুহিতকে সংস্থার কো অর্ডিনেটর হিসেব নিয়োগ দেন।

উল্লেখ্য মো: আব্দুল মুহিত মেহেরপুর শহরের মল্লিকপাড়া এলাকার আব্দুর রশিদের ছেলে। এর আগে তিনি বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে জড়িত ছিলেন। এছাড়া তিনি একজন পাখি গবেষক।

গাংনীতে র্যাবের অভিযানে চোলাই মদসহ যুবক আটক

২৫ লিটার চোলাই মদসহ উজ্জ্বল হোসেন (৩০) নামের এক যুবককে আটক করেছে সিপিসি র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী কাম্পের সদস্যরা।

উজ্জ্বল হোসেন মহম্মদপুর গ্রামের পূর্বপাড়ার হাফিজুল ইসলামের ছেলে।

শনিবার (২৬ নভেম্বর) দিবাগত মধ্যরাতে গাংনী উপজেলার মহম্মদপুর গ্রামে অভিযান চালিয়ে ২৫ লিটার চোলাই মদসহ উজ্জল হোসেনকে আটক করা হয়।

সিপিসি-মেহেরপুর র্যাব-১২ সিনিয়র সহকারী পুলিশ সুপার কমান্ডার, মোহাম্মদ আবুল কালাম আজাদ এ তথ্য নিশ্চিত করেছেন।

প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-১২ এর গাংনী ক্যাম্পের সদস্যরা মোহাম্মদপুর গ্রামের পূর্বপাড়ার হাফিজুল ইসলামের বাড়িতে তার বাড়িতে অভিযান চালায়। দোচালা টিনের ঘরের ভিতর থেকে ২টি সাদা প্লাস্টিকের কন্টেনারে ২৫ লিটার দেশীয় তৈরি চোলাই মদসহ উজ্জ্বল হোসেনকে আটক করেন। এ বিষয়ে ২০১৮ সনের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬ (১) সারণির ৩২(ক) ধারায় একটি মামলার করে উজ্জল হোসেনকে পুলিশে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে মিথ্যা মামলা করায় বাদীকে কারাদণ্ড এবং জরিমানা

মিথ্যা ও হয়রানি মূলক মামলা দায়ের করায় বাদীকে এক মাস বিনাশ্রম কারাদণ্ড এবং ১ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৭ দিনের কারাদণ্ডের আদেশ প্রদান করেছেন মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-১ম আদালত।

আজ রবিবার (২৭ নভেম্বর) মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ এর আদালত এই আদেশ প্রদান করেন। মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালটের বেঞ্চ মো: জাহাঙ্গীর আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

আদালত সূত্রে জানা যায়, আসামি মো: আব্দুল গাফফারের বিরুদ্ধে প্রতারণা, অর্থ আত্মসাৎ এবং প্রাণনাশের হুমকি প্রদানের অভিযোগে মেহেরপুরের গাংনী উপজেলাধীন বাওট গ্রামের জহির উদ্দিনের ছেলে মো. আজিজুল হকের ছেলে মো: গোলাম কিবরিয়া বাদী হয়ে তার চাচাতো ভাই মো: আব্দুল গাফফার এর বিরুদ্ধে ২০২০ সালে একটি ফৌজদারি মামলা দায়ের করেন।

আসামি মো: আব্দুল গাফফার বাদীর নিকট ১ শতক জমি বিক্রয় বাবদ ৯৫ হাজার টাকা নিলেও পরবর্তীতে জমি রেজিস্ট্রি করে দেননি বলে তিনি অভিযোগ করেন। পরবর্তীতে বাদী জমি বা টাকা ফেরত চাইলে আসামি জমি বা টাকা দেবেনা মর্মে দাবি করেন এবং প্রাণ নাশের হুমকি দেন বলে অভিযোগে আরও উল্লেখ করেন। কিন্তু বিচার শেষে আদালতের কাছে স্পষ্ট হয় যে, বাদীর অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও হয়রানিমূলক।

জালিয়াতির মাধ্যমে বায়নানামা সৃষ্টি করে এবং মিথ্যা বর্ণনায় আসামিকে হয়রানের উদ্দেশ্যে মামলাটি দায়ের করা হয়েছে মর্মে আদালতের নিকট প্রমাণিত হয়। ফলে আদালত আসামী বাওট গ্রামের আব্দুর রহমানের ছেলে মো: আব্দুল গাফফারকে খালাস প্রদান করেন। একই সাথে মিথ্যা মামলা করায় বাদী মো: গোলাম কিবরিয়াকে এক মাসের কারাদণ্ড দেন।

এর পাশাপশি ১,০০০ টাকা জরিমানা অনাদায়ে আরো ৭ দিনের কারাদন্ডের রায় প্রদান করেন আদালত। ফৌজদারি কার্যবিধির ২৫০ ধারা অনুযায়ী মিথ্যা ও হয়রানিমূলক মামলা দায়ের করায় বাদীকে এই সাজা প্রদান করে কারাগারে প্রেরনের নির্দেশ দেন।

গাংনীতে নবাগত এসিল্যান্ড নাদির হোসেন শামীমের যোগদান

মেহেরপুরের গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কর্মকর্তা নাদির হোসেন শামীম নবাগত এসিল্যান্ড হিসাবে যোগদান করেছেন। মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে রবিবার যোগদানের পর বিকেলে তিনি গাংনী উপজেলা ভুমি অফিসে যোগদান করেন।

নাদির হোসেন শামীম ময়মনসিং জেলার গৌরিপুর উপজেলার বাসিন্দা। প্রায় দুই মাস পর গাংনী উপজেলা ভুমি অফিসের শুন্যপদ পুরণ করলেন তিনি।

গাংনীতে পৌঁছে তিনি প্রথমে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মৌসুমী খানমের কার্যালয়ে আসেন। এ সময় ইউএনও তাঁকে ফুলের শুভেচ্ছায় স্বাগত জানান।

নবাগত এসিল্যান্ডকে নিজ কর্মস্থল উপজেলা ভূমি কার্যালয়ের সব কর্মচারীর সঙ্গে পরিচয় করিয়ে দেন ইউএনও। এলিল্যান্ড নাদির হোসেন শামীম ৩৬ তম বিসিএস ক্যাডার উত্তীর্ণ করে মাগুড়া জেলা প্রশাসকের কার্যলয়ে কর্মরত ছিলেন। পদোন্নতি পেয়ে তিনি গাংনী উপজেলা ভূমি কার্যালয়ের পূর্বের এসিল্যান্ড নাজমুল আলমের শূন্যস্থান পূরণ করলেন।

উপজেলা ভুমি অফিসের সকল কর্মচারীবৃন্দরা নবাগত এ কর্মকর্তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানিয়েছেন। গাংনী উপজেলাবাসীর সহযোগীতায় ভুমি সেবা সবার দৌরগোড়ায় পোঁছে দেয়ার কথা বলেন এই কর্মকর্তা।

উল্লেখ্যঃ ১লা সেপ্টেম্বর ২০২২ ইং তারিখে এসিল্যান্ড নাজমুল আলমের রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয়ে বদলি হলে গাংনী উপজেলায় এসিল্যান্ড শুন্য ছিল। সে পর্যন্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌসুমী খানম দায়িত্ব পালন করছিলেন।

গাংনীতে প্রবাস ফেরতের আত্ম*হত্যা

রাতে বাড়ির পাশের দোকানে বিশ্বকাপ ফুটবল খেলা দেখে এসে ঘরে শুয়েছেন প্রবাস ফেরৎ রফিকুল ইসলাম (৪০)। ঘর থেকে সকালে উদ্ধার হলো তার ঝুলন্ত মরদেহ।

স্ত্রীর দাবী দীর্ঘদিন যাবৎ বিভিন্ন রোগে ভুগছিলেন স্বামী রফিকুল ইসলাম। তবে, প্রতিবেশীদের বক্তব্য স্ত্রীর পরকোয়ীর জের ধরেই স্বামীর আত্মহত্যা।

রফিকুল ইসলাম গাংনী উপজেলার কাষ্টদহ গ্রামের বিলপাড়া এলাকার ইদ্রিস আলী ওরফে ইদু বকসের ছেলে। আজ রবিবার (২৭ নভেম্বর) সকালে রফিকুলকে নিজ ঘরের আড়ার সাথে গলায় রশি পেঁচানো অবস্থায় উদ্ধার করেন গাংনী থানা পুলিশ।

স্থানীয়রা জানান, রফিকুল শনিবার (২৬ নভেম্বর) দিবাগত রাতে পাড়ার এক দোকানে টেলিভিশনে বিশ্বকাপ ফুটবল খেলা দেখে মধ্যরাতে বাড়িতে আসেন।

স্থানীয়রা বলেন, স্ত্রীর পরোকীয়া নিয়ে তাদের মধ্যে ঝগড়া ঝাটি চলতো। স্ত্রীর উপর অভিমান করে আত্মহত্যা করতে পারেন তিনি।

এদিকে রফিকুলের স্ত্রী সালমা খাতুন বলেন, ৪ বছর আগে সৌদি আরবে গিয়েছিলেন তিনি। শারীরিক সমস্যার কারণে বাড়ি চলে আসে। বাড়ি এসেও তার শরীরে বিভিন্ন সমস্যা দেখা দেয়। শরীরে রিং পরানো রয়েছে। বর্তমানে সে বাড়ির পাশে মুদি দোকান দিয়ে ব্যবসা করছিলেন। রাতে সে পাশের দোকানে বিশ্বসকাপ ফুটবল খেলা দেখে রাতে বাড়ি ফিরেছেন। কিন্তু আমি বুঝতে পারছিনা কি কারনে সে আত্মহত্যা করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে তার মরদেহ উদ্ধার করে সুরোতহাল তৈরী করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৬ আসামি ও গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার হন। শনিবার (২৬ নভেম্বর) দুপুর থেকে আজ রবিবার (২৭ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এসব আসামি গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। পুলিশের একাধিক টিম এই গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে পৃথক দুটি চুরির মামলায় ৫ জন ও মাদক মামলার ১ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিয়ানে ডাকাতি মামলায় ১ ও নিয়মিত মামলায় ১ জন আসামি রয়েছে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (২৭ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।